রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৮, ২০১৮

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৫ চৈত্র, ১৪২৪ মোতাবেক ০৮ এপ্রিল, ২০১৮

নিম্নলিখিত বিলটি ২৫ চৈত্র, ১৪২৪ মোতাবেক ০৮ এপ্রিল, ২০১৮ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ১৪/২০১৮

## সময়মত সঠিক আবহাওয়া ও জলবায়ু পূর্বাভাস, আবহাওয়া সংক্রান্ত দুর্যোগ মোকাবিলা ও হ্রাস, জনজীবন ও সম্পদের সুরক্ষা, জলবায়ু সম্পদের যৌক্তিক ব্যবহারের জন্য আবহাওয়া সার্ভিস সংক্রান্ত কার্যক্রম শক্তিশালী, সমন্বিত, লক্ষ্যভিত্তিক ও যুগোপযোগী করিবার উদ্দেশ্যে এবং এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে বিধান প্রণয়নকল্পে আনীত বিল

যেহেতু সময়মত সঠিক আবহাওয়া ও জলবায়ু পূর্বাভাস, আবহাওয়া সংক্রান্ত দুর্যোগ মোকাবিলা ও হ্রাস, জনজীবন ও সম্পদের সুরক্ষা, জলবায়ু সম্পদের যৌক্তিক ব্যবহারের জন্য আবহাওয়া সার্ভিস সংক্রান্ত কার্যক্রম শক্তিশালী, সমন্বিত, লক্ষ্যভিত্তিক ও যুগোপযোগী করিবার উদ্দেশ্যে এবং এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—


মূল্য : টাকা ১৬.০০

## প্রথম অধ্যায়
## প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই আইন আবহাওয়া আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে—

(১) **"অধিদপ্তর"** অর্থ ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর;

(২) **"আবহাওয়া"** অর্থ ভূ-পৃষ্ঠে নির্দিষ্ট কোনো স্থানের নির্দিষ্ট সময়ের তাপমাত্রা, বৃষ্টিপাত, আর্দ্রতা, বায়ুচাপ, বায়ুপ্রবাহের গতি-প্রকৃতি, ইত্যাদি সাপেক্ষে বায়ুমণ্ডলীয় অবস্থা;

(৩) **"আবহাওয়া ঘটনা** (Meteorological Phenomena)**"** অর্থে নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত হইবে, যথা:—

(ক) বায়ুমণ্ডলীয় ঘটনা (Atmospheric Phenomena);

(খ) ভূ-মণ্ডলীয় ঘটনা (Terrestrial Phenomena);

(গ) জলীয় আবহাওয়া ঘটনা ( Hydro-Meteorological Phenomena);

(ঘ) বায়ুমণ্ডলের বাহিরে সংঘটিত বিভিন্ন ঘটনা যাহা বায়ুমণ্ডলীয় ঘটনা, ভূ-মণ্ডলীয় ঘটনা এবং জলীয় আবহাওয়া ঘটনাবলিকে প্রভাবিত করে;

(৪) **"আবহাওয়া পূর্বাভাস** (Meteorological Forecast)**"** অর্থ আবহাওয়া পর্যবেক্ষণের ফলাফলের উপর ভিত্তি করিয়া আবহাওয়ার ভবিষ্যৎ অবস্থা ঘোষণা;

(৫) **"আবহাওয়া পর্যবেক্ষণ** (Meteorological Observation)**"** অর্থ বৈজ্ঞানিক পদ্ধতিতে আবহাওয়া ঘটনাবলি, জলবায়ুর তথ্য-উপাত্ত সংগ্রহ, পরিমাপ, সমীক্ষা ও বিশ্লেষণ;

(৬) **"আবহাওয়া বিজ্ঞানী"** অর্থ আবহাওয়া ঘটনা বিষয়ক মৌলিক ও প্রায়োগিক গবেষণা, আবহাওয়া পর্যবেক্ষণ, আবহাওয়া ঘটনার বিজ্ঞানভিত্তিক ব্যাখ্যা ও পূর্বাভাস কাজে অধিদপ্তরের কর্মে নিয়োজিত ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের কর্মচারী;

(৭) **"আবহাওয়া যন্ত্রপাতি"** অর্থ আবহাওয়া পর্যবেক্ষণের জন্য ব্যবহৃত মেশিন, যন্ত্র, যন্ত্রপাতি এবং প্রয়োজনীয় সফ্টওয়্যার, সিস্টেমও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৮) **"আবহাওয়া সতর্কবার্তা** (Meteorological Warning)**"** অর্থ জনজীবন ও সম্পদের সুরক্ষা এবং জন নিরাপত্তা বিধানের লক্ষ্যে কোনো আবহাওয়া ঘটনাবলির পরিপ্রেক্ষিতে দুর্যোগের আশঙ্কায় প্রদত্ত সতর্কবার্তা;

(৯) **"আবহাওয়া সেবা** (Meteorological Service)**"** অর্থ ভূমিকম্প পর্যবেক্ষণসহ আবহাওয়া ঘটনা ও জলবায়ু পর্যবেক্ষণ, পূর্বাভাস ও সতর্কবার্তা প্রদান, এতদ্‌সংক্রান্ত তথ্য সংগ্রহ এবং গবেষণার ফলাফল সমীক্ষা;

(১০) **"কর্মচারী"** অর্থ অধিদপ্তরের কর্মে নিয়মিত বেতন-ভাতাদিভুক্ত স্থায়ীপদে নিযুক্ত কোনো ব্যক্তি;

(১১) **"গণমাধ্যম"** অর্থ বেতার, টেলিভিশন, স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল, মুদ্রণ মাধ্যম, টেলিযোগাযোগ নেটওয়ার্ক বা ইলেকট্রনিক বা কেবল নেটওয়ার্ক অথবা এইরূপ তথ্য ও প্রযুক্তি নির্ভর সম্প্রচার বা যোগাযোগ মাধ্যম;

(১২) **"জলীয় আবহাওয়া ঘটনা"** অর্থ সাগর, নদী বা জলাশয়ের অভ্যন্তরে সংঘটিত জলতরঙ্গ, জোয়ার-ভাটা, জলোচ্ছ্বাস, সুনামিসহ সমুদ্রের উপরিভাগে বা সমুদ্রের অভ্যন্তরে সংঘটিত অন্যান্য বায়ুমণ্ডলীয় ও ভূ-মণ্ডলীয় ঘটনাবলি;

(১৩) **"জলবায়ু"** অর্থ কোনো নির্দিষ্ট এলাকার নির্দিষ্ট সময়কালের আবহাওয়া ঘটনাবলির গড় অবস্থা;

(১৪) **"জলবায়ু পরিবর্তন** (Climate Change)**"** অর্থ প্রাকৃতিক নিয়মে ভূ-পৃষ্ঠের কোনো স্থানে দীর্ঘ সময়ের বায়ুমণ্ডলের ভৌত উপাদানসমূহের পরিবর্তন বা মানুষের প্রত্যক্ষ বা পরোক্ষ কর্মকাণ্ডের ফলে বিশ্বময় আবহাওয়ার পরিবর্তন;

(১৫) **"জলবায়ু সেবা"** অর্থ কোনো অঞ্চলের দীর্ঘমেয়াদী জলবায়ুগত অবস্থা সম্পর্কিত তথ্য ও পরামর্শ;

(১৬) **"জলবায়ু সম্পদ"** অর্থ কোনো অঞ্চলের জলবায়ুগত ইতিবাচত উপাদানসমূহ;

(১৭) **"বায়ুমণ্ডলীয় ঘটনা"** অর্থ বায়ুমণ্ডলে সংঘটিত বিভিন্ন প্রাকৃতিক ঘটনা, যেমনঃ সামুদ্রিক ঘূর্ণিঝড়, বজ্রঝড়, কালবৈশাখী, টর্নেডো, অতিবৃষ্টি, অনাবৃষ্টি, ভারি বৃষ্টিজনিত ভূমিধস, ইত্যাদি;

(১৮) **"বিধি"** অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(১৯) **"ভূ-মণ্ডলীয় ঘটনা"** অর্থ ভূ-উপরিভাগ বা ভূ-অভ্যন্তরস্থ অন্যান্য ঘটনাসহ ভূমিকম্প ও আগ্নেয়গিরির ঘটনাবলি;

(২০) **"ভূমিকম্প"** অর্থ প্রাকৃতিক ভূমিকম্প বা প্রাকৃতিকভাবে ভূ-অভ্যন্তরে আকস্মিক প্রচণ্ড ভূমি বিচ্যুতির কারণে সৃষ্ট ভূমির কম্পন অথবা কৃত্রিম ভূমিকম্প বা কৃত্রিম শক্তি, যেমন : পারমাণবিক পরীক্ষা বা প্রচণ্ড বিস্ফোরণ দ্বারা শক্তি প্রয়োগে সৃষ্ট ভূ-কম্পন;

(২১) **"মহাপরিচালক"** অর্থ ধারা ৯ এর অধীন নিযুক্ত বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের মহাপরিচালক; এবং

(২২) **"সুনামি (Tsunami)"** অর্থ সমুদ্রের পানির নিচে সংঘটিত ভূমিকম্পে সৃষ্ট বিশাল অস্বাভাবিক জলোচ্ছ্বাস।

৩। **আইনের প্রাধান্য।**—আপাতত বলবৎ অন্য কোনো আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলি প্রাধান্য পাইবে।

## দ্বিতীয় অধ্যায়

## অধিদপ্তর প্রতিষ্ঠা, কার্যাবলি, আবহাওয়া সেবা সংশ্লিষ্ট প্রাতিষ্ঠানিক কাঠামো

৪। **অধিদপ্তর প্রতিষ্ঠা, ইত্যাদি**।—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর নামে একটি অধিদপ্তর থাকিবে।

(২) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, এই আইনের বিধান অনুযায়ী, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্ত বিদ্যমান বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হিসাবে গণ্য হইবে।

৫। **অধিদপ্তরের প্রধান কার্যালয়, ইত্যাদি**।—(১) অধিদপ্তরের প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত হইবে।

(২) সরকার, প্রয়োজনবোধে, ঢাকার বাহিরে যে কোনো স্থানে উহার আঞ্চলিক বা শাখা কার্যালয় প্রতিষ্ঠা করিতে পারিবে।

৬। **অধিদপ্তরের কার্যাবলি**।—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, অধিদপ্তরের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) আবহাওয়া সেবা সংক্রান্ত কার্যাবলি—

(অ) আবহাওয়া ও জলবায়ু বিষয়ে মৌলিক এবং বাংলাদেশের প্রেক্ষাপটে প্রায়োগিক গবেষণা কাজ পরিচালনাসহ আবহাওয়া সেবার মান উন্নয়ন এবং সরবরাহ নিশ্চিতকরণ;

(আ) বৈজ্ঞানিক পদ্ধতিতে বায়ুমণ্ডলীয়, ভূমণ্ডলীয় ও জলীয় আবহাওয়া ঘটনাবলির এবং ভূমিকম্প ও ভূ-চুম্বকীয় সার্বক্ষণিক পর্যবেক্ষণ গ্রহণ;

(ই) আবহাওয়া সেবা সংক্রান্ত কাজে ব্যবহৃত আবহাওয়া রাডার, ভূমিকম্প পরিমাপক ও ভূ-চুম্বকীয় পর্যবেক্ষণাগার পরিচালনা ও রক্ষণাবেক্ষণ;

(ঈ) ঝড় সতর্কীকরণ ও নিরাপদ বিমান চলাচলে আবহাওয়া পূর্বাভাস কেন্দ্রের দৈনন্দিন তাৎক্ষণিক তথ্য ও উপাত্ত কাজে ব্যবহারের জন্য ভূ-উপগ্রহের মাধ্যমে চিত্র সংগ্রহ;

(উ) উপাত্তভিত্তিক সকল আবহাওয়া মানচিত্র প্রস্তুত ও তথ্য-উপাত্ত বিশ্লেষণসহ বিশদ ব্যাখ্যা প্রদান;

(ঊ) আবহাওয়া ও জলবায়ু সংক্রান্ত উপাত্তসমূহের আহরণ (extraction), গণনা, মান নিয়ন্ত্রণ, বিশ্লেষণ, সংরক্ষণ (storage), আর্কাইভ (archive) ও পুনরুদ্ধারসহ (retrieve) প্রকাশনার ব্যবস্থা গ্রহণ;

(ঋ) আবহাওয়া সংক্রান্ত পর্যবেক্ষণাগার স্থাপন এবং তত্ত্বাবধান, কারিগরি যন্ত্রপাতি সংগ্রহ (installation) ও সংস্থাপন;

(এ) আবহাওয়া যন্ত্রপাতি এবং কম্পিউটার প্রোগ্রাম তত্ত্বাবধান ও উন্নয়ন;

(ঐ) আন্তর্জাতিক মানদন্ড অনুসারে আবহাওয়া বিষয়ক পর্যবেক্ষণলব্ধ তথ্য রেকর্ড, হালনাগাদকরণ এবং তত্ত্বাবধান;

(ও) বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সদস্য হিসাবে চাঁদা প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(খ) পারস্পরিক সহযোগিতা—

(অ) প্রতিরক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর এবং সংস্থা, আগ্রহী স্টেকহোল্ডার, গবেষণা প্রতিষ্ঠান ও এজেন্সিসমূহকে চাহিদা মোতাবেক, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, বিশেষজ্ঞ মতামত ও তথ্য-উপাত্ত প্রদান;

(আ) জাতীয় প্রয়োজন এবং আন্তর্জাতিক দায়বদ্ধতার নিরীখে সংশ্লিষ্ট সকল দেশীয় ও আন্তর্জাতিক সংস্থার সহিত আবহাওয়া সেবা সংক্রান্ত তথ্য-উপাত্ত বিনিময়;

(ই) জ্যোতির্বিজ্ঞানীয় তথ্য প্রস্তুত ও সরবরাহ;

(ঈ) আবহাওয়া সেবা সংক্রান্ত পর্যবেক্ষণ, পূর্বাভাস ও সতর্কীকরণ বিজ্ঞপ্তি যথাশীঘ্র সম্ভব সরবরাহ;

(গ) আবহাওয়া পূর্বাভাস ও সতর্কবার্তা—

(অ) বায়ুমণ্ডলীয় ঘটনা, ভূ-মণ্ডলীয় ঘটনা এবং জলীয় আবহাওয়া ঘটনা সম্পর্কে, ক্ষেত্রমত, পূর্বাভাস, বিশেষ বিজ্ঞপ্তি প্রচার, সংঘটনবার্তা, আগাম সতর্কবার্তা বা সংকেত প্রস্তুত ও প্রদান;

(আ) জনসাধারণ, কৃষি বা পর্যটনের জন্য ব্যবহারের প্রয়োজনে অথবা নৌযান, জাহাজ ও বিমান নিরাপদে চলাচলের জন্য আবহাওয়ার পূর্বাভাস প্রদান;

(ঘ) আন্তর্জাতিক যোগাযোগ, সমন্বয় ও প্রতিনিধিত্ব, ইত্যাদি—

(অ) আবহাওয়া বিজ্ঞানের উন্নয়নের জন্য বিশ্ব আবহাওয়া সংস্থাসহ সংশ্লিষ্ট সকল জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থার সহিত যোগাযোগ রক্ষা;

(আ) বিশ্ব আবহাওয়া সংস্থা (World Meteorological Organization) (WMO) (ডব্লিউএমও) কর্তৃক নির্ধারিত মান অনুযায়ী, বাংলাদেশের আবহাওয়া সেবাকে কার্যকরী করিবার উদ্দেশ্যে, উপযুক্ত ও প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়নসহ আধুনিক যন্ত্রপাতি সংগ্রহ, স্থাপন এবং আবহাওয়া সেবা প্রদানের উপযোগীকরণ ও সংশ্লিষ্ট নীতিমালা বাস্তবায়ন;

(ই) ডব্লিউএমও এর রিজিওন্যাল এসোসিয়েশন ও টেকনিক্যাল কমিশনের সহিত সমন্বয় সাধন;

(ঈ) আন্তর্জাতিক ক্ষেত্রে, তথ্য-উপাত্ত আদান-প্রদান, আবহাওয়া সেবা ও এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশের প্রতিনিধিত্ব করা।

(২) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, অধিদপ্তর, সরকার কর্তৃক নির্ধারিত, অন্যান্য কার্য সম্পাদন করিবে।

৭। **আবহাওয়া সেবা সংক্রান্ত দায়িত্ব।**—(১) অধিদপ্তর বাংলাদেশের আবহাওয়া সেবা সংক্রান্ত ঘটনাবলি ও এতদ্‌সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য সরকারিভাবে এখতিয়ারসম্পন্ন একমাত্র নির্ভরযোগ্য সংস্থা হিসাবে দায়িত্ব পালন করিবে।

(২) অধিদপ্তর ব্যতীত অন্য কোনো ব্যক্তি বা সংস্থা আবহাওয়া সেবা সংক্রান্ত পর্যবেক্ষণ, পূর্বাভাস ও সতর্কীকরণ বিজ্ঞপ্তি জারি করিবে না।

(৩) অধিদপ্তরের পূর্বাভাসের আলোকে অন্যান্য মন্ত্রণালয়, বিভাগ বা সংস্থা তাহাদের নিজ নিজ ক্ষেত্রের জন্য সতর্কীকরণ বিজ্ঞপ্তি, প্রয়োজনীয় অভিযোজন সহকারে, প্রস্তুত ও জারি করিতে পারিবে।

৮। **গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা।**—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, আবহাওয়া সেবা বিষয়ক গবেষণা এবং পূর্বাভাস, সতর্কীকরণ পদ্ধতির সক্ষমতা বৃদ্ধিসহ আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সরকার, প্রয়োজনে, অধিদপ্তরের তত্ত্বাবধানে, একটি 'জাতীয় আবহাওয়া গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র' প্রতিষ্ঠা করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রতিষ্ঠিত কেন্দ্র—

(ক) অধিদপ্তরের আবহাওয়া বিজ্ঞানী ও অন্যান্য কর্মচারীগণের অভ্যন্তরীণ প্রশিক্ষণসহ আবহাওয়া সার্ভিস ব্যবহারকারী সংস্থার কর্মচারীগণকে আবহাওয়া সেবা সংক্রান্ত ও জনসচেতনতামূলক কার্যক্রমের বিষয়ে প্রশিক্ষণ প্রদান করিবে;

(খ) এর কার্যাবলী ও পরিচালনা পদ্ধতিসহ আনুষঙ্গিক বিষয়াবলী বিধি দ্বারা নির্ধারিত হইবে;

(গ) কোনো উচ্চতর গবেষণা প্রতিষ্ঠান বা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আবহাওয়া সেবা ও সংশ্লিষ্ট গবেষণা লব্ধ ফলাফল, সময় সময়, অধিদপ্তরকে অবহিত করিবে ; এবং

(ঘ) আবহাওয়া সেবা ও তদ্‌সংশ্লিষ্ট বিষয়ে কোনো উচ্চতর গবেষণা প্রতিষ্ঠান বা শিক্ষা প্রতিষ্ঠানের সহযোগিতায়, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, ডিগ্রি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

## তৃতীয় অধ্যায়

## মহাপরিচালক, অন্যান্য কর্মচারী, ব্যবস্থাপনা, ইত্যাদি

৯। **মহাপরিচালক।**—(১) অধিদপ্তরের একজন মহাপরিচালক থাকিবেন, যিনি অধিদপ্তরের প্রধান নির্বাহী হইবেন।

(২) মহাপরিচালক, বিধি দ্বারা নির্ধারিত শর্ত পূরণসাপেক্ষে, সরকার কর্তৃক নিযুক্ত হইবেন।

১০। **মহাপরিচালকের সাময়িক দায়িত্ব।**—সরকার ভিন্নতর কোনো আদেশ প্রদান না করিলে, মহাপরিচালকের পদ শূন্য হইলে বা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোনো কারণে মহাপরিচালক তাঁহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত মহাপরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত বা মহাপরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত, অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত কর্মচারীগণের মধ্যে পদবি ও কর্মে জ্যেষ্ঠতম ব্যক্তি মহাপরিচালকের সাময়িক দায়িত্ব পালন করিবেন।

১১। **মহাপরিচালকের দায়িত্ব, ইত্যাদি।**—(১) মহাপরিচালকের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) ধারা ৬ এ বর্ণিত কার্যাবলি সম্পাদন ;

(খ) অধিদপ্তরের সকল প্রশাসনিক ও আর্থিক কার্যাদি পরিচালনা ; এবং

(গ) অধিদপ্তরের কর্মচারীগণের কার্যাবলি তদারকি এবং তাহাদেরকে দিক-নির্দেশনা প্রদান।

(২) মহাপরিচালক এই আইনের বিধানাবলি সাপেক্ষে এবং সময় সময়, সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনা প্রতিপালন, কার্যাবলি সম্পাদন, ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবেন।

১২। **অন্যান্য কর্মচারী।**—অধিদপ্তরের কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে, সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী অধিদপ্তরের জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী থাকিবে এবং তাহার বেতন, ভাতা ও চাকুরীর অন্যান্য শর্তাদি বিধি দ্বারা নির্ধারিত হইবে :

তবে শর্ত থাকে যে, বিধি প্রণয়ন না হওয়া পর্যন্ত কর্মচারীর বেতন, ভাতা ও চাকুরীর অন্যান্য শর্তাদি সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

## চতুর্থ অধ্যায়

## পর্যবেক্ষণাগার স্থাপন, নেটওয়ার্ক পরিচালনা ও রক্ষণাবেক্ষণ

১৩। **পর্যবেক্ষণাগার স্থাপন।**—(১) অধিদপ্তর, প্রয়োজন অনুসারে, সরকারের অনুমোদনক্রমে, আবহাওয়া সেবা সংক্রান্ত বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহের উদ্দেশ্যে, যে কোনো স্থানে পর্যবেক্ষণাগার, বা ক্ষেত্রমত, স্থাপনা স্থাপন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন স্থাপিত পর্যবেক্ষণাগার, বা ক্ষেত্রমত, স্থাপনাসমূহের মানদণ্ড অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) সরকারের অনুমোদনক্রমে, অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মানদণ্ড অনুযায়ী পর্যবেক্ষণাগার, বা ক্ষেত্রমত, স্থাপনার এলাকার সীমানা চিহ্নিত এবং উহা নগর, গ্রাম বা নগর পরিকল্পনার সহিত একীভূত করিতে হইবে।

১৪। **পর্যবেক্ষণ নেটওয়ার্কের মাধ্যমে আবহাওয়া পর্যবেক্ষণ।**—(১) অধিদপ্তর, সরকারের অনুমোদনক্রমে, আবহাওয়া সেবা সংক্রান্ত বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহের উদ্দেশ্যে স্থাপিত পর্যবেক্ষণ স্টেশন, পর্যবেক্ষণাগার, বা ক্ষেত্রমত, স্থাপনা এর মধ্যে পর্যবেক্ষণ নেটওয়ার্ক পরিচালনা করিতে পারিবে।

(২) নিরাপদ জলযান ও বিমান চলাচলে প্রয়োজনীয় আবহাওয়া পূর্বাভাস ও সতর্কীকরণ বিজ্ঞপ্তি জারির ক্ষেত্রে, অধিদপ্তর আবহাওয়া যন্ত্র ও বেতার যোগাযোগ ব্যবস্থা সজ্জিত যে কোনো নৌযান, জাহাজ ও বিমানকে পর্যবেক্ষণ তথ্য প্রদানের জন্য নির্দেশনা প্রদান করিতে পারিবে; এবং এতদ্‌কাজে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, নৌযান, জাহাজ ও বিমানের প্রয়োজন অনুযায়ী আবহাওয়ার পূর্বাভাস শনাক্তকারী আধুনিক যন্ত্র স্থাপন করিতে পারিবে।

১৫। **পর্যবেক্ষণাগার ও স্থাপনাসমূহের রক্ষণাবেক্ষণ।**—(১) অধিদপ্তর এই আইনের অধীন আবহাওয়া পর্যবেক্ষণের জন্য স্থাপিত পর্যবেক্ষণাগার বা, ক্ষেত্রমত, স্থাপনাসমূহ রক্ষণাবেক্ষণ করিবে।

(২) সরকার আবহাওয়া পর্যবেক্ষণ গ্রহণের জন্য নির্মিত স্থাপনার নিকটবর্তী কোনো স্থানে সু-উচ্চ স্থাপনা, বিস্ফোরণ ঘটিবার সম্ভবনা রহিয়াছে এইরূপ কোনো স্থাপনা, উচ্চ ফ্রিকোয়েন্সির ইলেকট্রোম্যাগনেটিক বিকিরণ যন্ত্র যা আবহাওয়া পরিমাপক যন্ত্র, পর্যবেক্ষণাগার, বা স্থাপনার ক্ষতিসাধন করিতে পারে এইরূপ কোনো কার্য এই আইনের অধীন নিষিদ্ধ করিতে পারিবে।

## পঞ্চম অধ্যায়

## পর্যবেক্ষণ মানসম্মতকরণ, পরিকল্পনা প্রণয়ন

### অংশ-'ক'

১৬। **পর্যবেক্ষণ মানসম্মতকরণ**।—(১) অধিদপ্তর, আবহাওয়া পর্যবেক্ষণ মানসম্মতকরণের উদ্দেশ্যে, ডব্লিউএমও এর নির্দেশনা অনুসারে সঠিক আবহাওয়া তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করিবে।

(২) ডব্লিউএমও এর স্বীকৃত মান অনুযায়ী আবহাওয়া যন্ত্রপাতি বিষয়ে অধিদপ্তর নিম্নরূপ বিস্তারিত ও সুনির্দিষ্ট বিবরণ (Specification) প্রকাশ করিবে, যথা :—

(ক) পর্যবেক্ষণাগার স্থাপনের আদর্শ স্থান;

(খ) পর্যবেক্ষণাগারে স্থাপিতব্য যন্ত্রপাতির প্রকার, বিবরণ ও সংখ্যা;

(গ) পর্যবেক্ষণাগারে গৃহীত উপাত্তের এককের মান;

(ঘ) পর্যবেক্ষণাগারে প্রাপ্ত তথ্যের সর্বশেষ এককের মান; এবং

(ঙ) বিশেষায়িত পর্যবেক্ষণাগারের মান।

(৩) আবহাওয়া যন্ত্রপাতি ব্যবহারকারীকে প্রস্তুতকারী কর্তৃক ইস্যুকৃত কারখানা তুল্যকরণ সনদ (Factory Calibration Certificate) সংগ্রহ করিতে হইবে এবং আবহাওয়া পর্যবেক্ষণ যন্ত্রপাতি সংগ্রহের পূর্বে অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

(৪) অধিদপ্তর আবহাওয়া সেবা সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিনিময়ের কাজে, বিধি দ্বারা নির্ধারিত ছক (format) ব্যবহার নিশ্চিত করিবে।

### অংশ-'খ'

১৭। **পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন**।—(১) অধিদপ্তর, নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনাক্রমে, সরকার কর্তৃক গৃহীতব্য আবহাওয়া সেবা ও এতদ্‌সংশ্লিষ্ট স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনায় অন্তর্ভুক্তির জন্য উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করিবে, যথা :—

(ক) ডব্লিউএমও ঘোষিত কৌশল ও উন্নয়ন পরিকল্পনা এবং আধুনিক যন্ত্রপাতি সংগ্রহ;

(খ) সরকারের কৌশল ও উন্নয়ন পরিকল্পনা;

(গ) আঞ্চলিক পরিসরে আবহাওয়া সেবা বিষয়ক কৌশল ও উন্নয়ন পরিকল্পনা;

(ঘ) আন্তঃসরকার ওশেনোগ্রাফিক কমিশন (Intergovernmental Oceanographic Commission) (ICAO) (ইকাও) ঘোষিত কৌশল ও উন্নয়ন পরিকল্পনা;

(ঙ) আন্তর্জাতিক মেরিটাইম সংস্থা (International Maritime Organization) (IMO) (আইএমও) ঘোষিত কৌশল ও উন্নয়ন পরিকল্পনা।

(২) অধিদপ্তর সরকার কর্তৃক অনুমোদিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও পরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিত করিবে।

## ষষ্ঠ অধ্যায়
## আবহাওয়া পূর্বাভাস ও সতর্কীকরণ

১৮। **আবহাওয়া পূর্বাভাস কেন্দ্র স্থাপন**।—(১) অধিদপ্তর, প্রয়োজন অনুসারে, সরকারের অনুমোদনক্রমে, আবহাওয়া পর্যবেক্ষণলব্ধ তথ্যের ভিত্তিতে পূর্বাভাস প্রদানের উদ্দেশ্যে, যে কোনো স্থানে আবহাওয়া পূর্বাভাস কেন্দ্র স্থাপন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন স্থাপিত আবহাওয়া পূর্বাভাস কেন্দ্রের মানদণ্ড অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) সরকারের অনুমোদনক্রমে, অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মানদন্ড অনুযায়ী আবহাওয়া পূর্বাভাস কেন্দ্রের এলাকার সীমানা চিহ্নিতকরণ এবং উহা নগর, গ্রাম বা নগর পরিকল্পনার সহিত একীভূত করিতে হইবে।

১৯। **আবহাওয়া পূর্বাভাস ও সতর্কীকরণ বিজ্ঞপ্তি জারি করা**।—(১) জনসাধারণের ব্যবহারের জন্য অধিদপ্তর প্রয়োজনীয় আবহাওয়া সেবা সংক্রান্ত পূর্বাভাস ও সতর্কীকরণ বিজ্ঞপ্তি জারি করিবে।

(২) অধিদপ্তর উপ-ধারা (১) অনুযায়ী জারিকৃত আবহাওয়া সেবা সংক্রান্ত পূর্বাভাস ও সতর্কীকরণ বিজ্ঞপ্তি সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা এবং গণমাধ্যমের নিকট প্রেরণ করিবে :

তবে শর্ত থাকে যে, ঘূর্ণিঝড়ের সতর্ক সংকেত-৩ প্রদানের পর হইতে অধিদপ্তরকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সহিত নিবিড় যোগাযোগ রক্ষা করিতে হইবে।

(৩) উপ-ধারা (১) এ উল্লিখিত আবহাওয়া সেবা সংক্রান্ত পূর্বাভাস ও সতর্কীকরণ বিজ্ঞপ্তির ধরন ও বিস্তারিত বিবরণ অধিদপ্তরের ওয়েব সাইটে বিবৃত থাকিবে।

২০। **নৌযান, জাহাজ ও বিমানের জন্য আবহাওয়া পূর্বাভাস ও সতর্কীকরণ**।—(১) অধিদপ্তর নৌযান, জাহাজ ও বিমান নিরাপদে চলাচলের জন্য প্রয়োজনীয় পূর্বাভাস ও সতর্কীকরণ বিজ্ঞপ্তি জারি করিবে।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত পুর্বাভাস ও সতর্কীকরণ বিজ্ঞপ্তির ধরন ও বিস্তারিত বিবরণ বিধি দ্বারা নির্ধারিত হইবে।

২১। **সতর্কীকরণ বিজ্ঞপ্তি জারি বা প্রত্যাহার সংক্রান্ত বিধান**।—অধিদপ্তর ধারা ১৯ এর উপ-ধারা (১) এবং ধারা ২০ এর উপ-ধারা (১) এ উল্লিখিত সতর্কীকরণ বিজ্ঞপ্তি জারি বা প্রত্যাহার করিবার ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাকে অবহিত করিবে :

তবে শর্ত থাকে যে, বিমান চলাচলের ক্ষেত্রে শুধুমাত্র বিমান চলাচল সংশ্লিষ্ট সংস্থাকে সরাসরি অবহিত করিবে।

২২। **আবহাওয়া পূর্বাভাস প্রচার**।—(১) গণমাধ্যম এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ প্রচারকালে অবশ্যই অধিদপ্তর কর্তৃক জারিকৃত সর্বশেষ আবহাওয়ার পূর্বাভাস, সতর্কবার্তা ও বিশেষ বিজ্ঞপ্তি প্রচার নিশ্চিত করিবে।

(২) গণমাধ্যম যে কোনো দুর্যোগপূর্ণ আবহাওয়া সতর্কবার্তা বা সম্পূরক বা সংশোধিত আবহাওয়ার পূর্বাভাস যাহা জাতীয় অর্থনীতি এবং জনগণের উপর সরাসরি প্রভাব বিস্তার করিবে বলিয়া প্রতীয়মান হয় উহা অন্যান্য চলমান সংবাদ বা অনুষ্ঠানের সহিত প্রচারের ব্যবস্থা করিবে।

## সপ্তম অধ্যায়

## জলবায়ু

২৩। **জলবায়ু পর্যবেক্ষণ ও সেবা**।—(১) অধিদপ্তরের পূর্বানুমতি ব্যতীত, কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান জলবায়ু সংক্রান্ত কোনো প্রকার সতর্কবার্তা প্রদান করিতে পারিবে না; এবং উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান জলবায়ু সংক্রান্ত কোনো কার্যক্রম গ্রহণ করিলে তাহা অধিদপ্তরকে অবহিত করিবে।

(২) অধিদপ্তর জলবায়ু পর্যবেক্ষণ, বিশ্লেষণ ও মূল্যায়ন সম্পর্কিত সকল প্রচেষ্টার সমন্বয় সাধন, ডব্লিউএমও স্বীকৃত আবহাওয়া পর্যবেক্ষণাগারের মাধ্যমে প্রতিনিয়ত উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও আন্তর্জাতিক বিনিময় নিশ্চিত করিবে।

(৩) অধিদপ্তর, মাস, বৎসর ও শতাব্দী মেয়াদি জলবায়ু প্রক্ষেপণ (Projection) প্রস্তুত করিবে, এবং বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উহা সরবরাহ করিবে।

(৪) অধিদপ্তর দেশব্যাপী জলবায়ুগত জরিপ ও জোনিং এর সার্বিক দায়িত্ব পালন করিবে, এবং সুনির্দিষ্ট বিরতিতে নিয়মিতভাবে জলবায়ুর অবস্থার উপর বুলেটিন প্রকাশ করিবে।

২৪। **জলবায়ু পরিবর্তন, জলবায়ু সম্পদ সুরক্ষা, ইত্যাদি**।—(১) অধিদপ্তর বিভিন্ন ধরনের জলবায়ুগত ও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত সেবা প্রদান করিবে।

(২) অধিদপ্তর জলবায়ু পরিবর্তনের প্রভাব ও ফলাফল সমীক্ষা, সময় সময়, জলবায়ু পূর্বাভাস প্রদান এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব নিরূপণে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, সরকার বা সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করিবে।

(৩) অধিদপ্তর গবেষণার আলোকে জলবায়ু সম্পদ সুরক্ষা ও ব্যবহারের প্রস্তাব সরকারের নিকট পেশ করিবে; এবং জলবায়ু সম্পদ সুরক্ষা ও ব্যবহারে সরকার কর্তৃক গৃহীত পরিকল্পনার ফলাফল সমীক্ষা করিবে।

## অষ্টম অধ্যায়

## ভূমিকম্প

২৫। **জাতীয় ভূমিকম্প পর্যবেক্ষণাগার স্থাপন, পর্যবেক্ষণ নেটওয়ার্ক পরিচালনা ও অপারেশনাল কার্যক্রম**।—(১) অধিদপ্তর ভূমিকম্প, ভূমিকম্পজনিত বন্যা, জলোচ্ছ্বাস বা সুনামি কার্যক্রম নিয়মিতভাবে পর্যবেক্ষণসহ এতদ্‌সংক্রান্ত গবেষণার জন্য প্রয়োজনীয় সংখ্যক পর্যবেক্ষণাগার বা যন্ত্রপাতি স্থাপন করিতে পারিবে।

(২) অধিদপ্তর উপ-ধারা (১) এর অধীন স্থাপিত বা নির্মিত জাতীয় ভূমিকম্প পর্যবেক্ষণাগারসমূহের মধ্যে নেটওয়ার্ক এবং উহাদের মাধ্যমে অপারেশনাল কার্যক্রম পরিচালনা করিতে পারিবে।

(৩) অধিদপ্তরের পূর্বানুমতি ব্যতীত, কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বাংলাদেশের পরিসীমায় ভূমিকম্প ও ভূমিকম্পজনিত বন্যা, জলোচ্ছ্বাস বা সুনামি কার্যক্রম পর্যবেক্ষণ ও এতদ্‌সংক্রান্ত গবেষণার জন্য উপ-ধারা (১) ও (২) এ বর্ণিত অনুরূপ পর্যবেক্ষণাগার বা যন্ত্রপাতি স্থাপন ও কর্মকাণ্ড পরিচালনা করিতে পারিবে না।

২৬। **ভূমিকম্প ও সুনামি পর্যবেক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।**—(১) অধিদপ্তর বাংলাদেশ ও তৎসংলগ্ন অঞ্চলসমূহে সংঘটিত ভূমিকম্প এবং সংঘটিত বা সম্ভাব্য ভূমিকম্পজনিত বন্যা, জলোচ্ছ্বাস বা সুনামির বিজ্ঞপ্তিসমূহ জারি করিবে।

(২) অধিদপ্তর উপ-ধারা (১) এ উল্লিখিত বিজ্ঞপ্তিসমূহ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়, সংস্থা এবং গণমাধ্যমে প্রেরণ করিবে।

(৩) অধিদপ্তর উপ-ধারা (১) এ উল্লিখিত ভূমিকম্প এবং সুনামি সংঘটন সম্পর্কিত বিজ্ঞপ্তিসমূহ সতর্কবার্তা আকারে প্রচারের ব্যবস্থা করিবে।

(৪) অধিদপ্তর বঙ্গোপসাগর, ভারত মহাসাগর ও আরব সাগরে সংঘটিত বা সংঘটিতব্য সুনামি কার্যক্রম পরিচালনা, পূর্বাভাস প্রদান, তথ্য-উপাত্তের আদান-প্রদান, পর্যবেক্ষণের মানোন্নয়ন এবং মানব সম্পদ উন্নয়নে ডব্লিউএমও ও আন্তঃসরকার ওশেনোগ্রাফিক কমিশন Intergovernmental Oceanagraphic Commission (IOC) (আইওসি) এর নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় নীতিমালা প্রণয়নের জন্য সরকারের নিকট প্রেরণ করিবে।

(৫) দুর্যোগের সহিত সম্পর্কিত সংঘটিত ভূমিকম্প এবং সুনামি সংক্রান্ত কোনো তথ্য অধিদপ্তর কর্তৃক গণমাধ্যমে বা জনসমক্ষে লিখিত বা মৌখিকভাবে প্রকাশ করা হইলে, উহা সরকারিভাবে নির্ভরযোগ্য তথ্য হিসাবে গণ্য হইবে।

২৭। **ভূমিকম্প ও সুনামি সম্পর্কিত তথ্য-উপাত্ত সংগ্রহ ও ব্যবস্থাপনা।**—অধিদপ্তর ভূমিকম্প, ভূমিকম্পজনিত বন্যা, জলোচ্ছ্বাস বা সুনামি বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা করিবে এবং বিধি দ্বারা নির্ধারিত সময়ে এতদ্‌সংক্রান্ত তথ্যের পরিসংখ্যান প্রকাশ করিবে।

## নবম অধ্যায়

## বিবিধ

২৮। **আবহাওয়া কর্তৃপক্ষ।**—মহাপরিচালক, আন্তর্জাতিক বেসামারিক বিমান চলাচল সংস্থা International Civil Aviation Organization (ICAO) (ইকাও) এর এনেক্স ৩ অনুযায়ী, বাংলাদেশের ক্ষেত্রে আবহাওয়া কর্তৃপক্ষ হইবেন; এবং বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের Aeronautical Information Publication (AIP) (এআইপি) তে মহাপরিচালকের ঠিকানা উদ্ধৃত থাকিবে।

২৯। **ক্ষমতা অর্পণ।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, মহাপরিচালক, শর্ত সাপেক্ষে, আবহাওয়া বিজ্ঞানীকে যে কোনো স্থান পরিদর্শনের ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

৩০। **বিধি প্রণয়নের ক্ষমতা।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৩১। **ইংরেজিতে অনুদিত পাঠ প্রকাশ।**—(১) এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বাংলা পাঠের ইংরেজিত অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীণ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর একটি বিশেষায়িত আবহাওয়া ও জলবায়ু গবেষণা প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ১৯৭২ সনে বিশ্ব আবহাওয়া সংস্থার সদস্যপদ লাভ করে নানাবিধ সীমাবদ্ধতার মধ্যে আন্তর্জাতিক ও আঞ্চলিক আবহাওয়া তথ্য ও উপাত্ত বিশ্লেষণপূর্বক আবহাওয়া সঠিক তথ্য সরবরাহের কাজ নিরলসভাবে সম্পন্ন করলেও এখন পর্যন্ত আবহাওয়া বিষয়ক কোন আইন প্রণীত হয়নি। বিষয়টি গভীরভাবে অনুভূত হয় এবং ১০ম জাতীয় সংসদের প্রতিরক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির গত ২৮ মে ২০১৫ তারিখের ৯ম বৈঠকে আবহাওয়া আইন প্রণয়নের সুপারিশ করা হয়।

ওপরে বর্ণিত কারণে ‘আবহাওয়া আইন’ দ্রুত প্রণয়নের লক্ষ্যে অধিদপ্তর কর্তৃক গঠিত আইন প্রণয়ন কমিটি একাধিক পরামর্শ সভা, বিভিন্ন অধিদপ্তর/দপ্তর সংস্থা/প্রতিষ্ঠান/স্টেকহোল্ডারগণের সমন্বয়ে এবং আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠানের পর ‘আবহাওয়া আইন, ২০১৮’ শীর্ষক একটি খসড়া আইন প্রণয়ন করা হয়।

অতঃপর ‘আবহাওয়া আইন, ২০১৮’ শীর্ষক খসড়া বিলে মন্ত্রিপরিষদ কর্তৃক নীতিগত অনুমোদনের পর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহণ করা হয় এবং মন্ত্রিপরিষদ কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হয়। প্রস্তাবিত ‘আবহাওয়া আইন, ২০১৮’ তে ৯টি অধ্যায় এবং ৩১টি ধারা রয়েছে। বিলটিতে সরকারি অর্থ ব্যয়ের প্রশ্ন জড়িত থাকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৮২ অনুচ্ছেদ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সুপারিশ গ্রহণ করা হয়।

বর্ণিত অবস্থাধীনে, ‘আবহাওয়া আইন, ২০১৮’ শীর্ষক বিলটি মহান জাতীয় সংসদের সদয় বিবেচনার নিমিত্ত উপস্থাপন করছি।

**আনিসুল হক**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**
সিনিয়র সজিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd